দৈনিক সংবাদ

তারিখ 16 DEC 1987
পৃষ্ঠা ... কলাম 7

063

২৯শে অগ্রহায়ণ, ১৩৯৪

# আগামী শিক্ষাবর্ষ থেকে স্কুল পাঠ্যসূচীতে বাংলাদেশের ইতিহাস পড়ানো হবে

—শিক্ষামন্ত্রী

প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত স্কুল পাঠ্যসূচীতে আগামী শিক্ষাবর্ষ থেকে বাংলাদেশের ইতিহাস পড়ানো হবে। এতে মুক্তিযুদ্ধ পূর্ব সময় থেকে বর্তমান পর্যন্ত মুক্তিযুদ্ধোত্তরকালের ইতিহাস অন্তর্ভুক্ত হবে।

গতকাল শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বাসস'কে জানান, এছাড়া জাতীয় শিক্ষা কমিশন ইতিমধ্যেই পরীক্ষা পদ্ধতির উন্নয়নের সুপারিশ সম্বলিত একটি রিপোর্ট পেশ করেছে। সিলেট ও খুলনায় আগামী দু'বছরের মধ্যে বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারেও সরকার পরিকল্পনা করছেন।

তিনি জানান, দেশে পর্যায়ক্রমে বিনামূল্যে প্রাথমিক শিক্ষা প্রবর্তনের জন্য সরকার 'প্রয়োজনীয় আইন' প্রণয়ন করছেন।